# ১৭ বছরের জঞ্জাল মুক্ত করতে সময় লাগবে: নজরুল ইসলাম খান



নজরুল ইসলাম খান। ছবি: সংগৃহীত

দেশে ১৭ বছর ধরে গণতন্ত্রের নামে স্বৈরশাসন চলেছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা নজরুল ইসলাম খান। তিনি বলেন, দীর্ঘ সময়ের এই জঞ্জাল পরিষ্কার করতে সময় প্রয়োজন। এজন্য জনগণকে ধৈর্য ধরতে হবে।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) রাজধানীতে সাবেক প্রধানমন্ত্রী ও জাতীয় পার্টির সাবেক চেয়ারম্যান কাজী জাফর আহমেদের ১১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত স্মরণসভায় তিনি এসব কথা বলেন।

নজরুল ইসলাম খান বলেন, যারা ভোট দিয়ে বিএনপিকে ক্ষমতায় এনেছেন, সরকার তাদের পাশে থাকবে। রাষ্ট্র পরিচালনায় ছয় মাস খুব বেশি সময় নয়। এ সময়ে বিরোধী দলগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে সরকারের পাশে থাকার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, সরকার যেসব কর্মসূচি নিয়েছে, সেগুলো যথাসময়ে বাস্তবায়ন করা হবে। সরকার নিজস্ব নিয়মে দেশ পরিচালনা করছে। জনগণের কোনো পরামর্শ থাকলে তা সরকারকে জানানোর আহ্বান জানান তিনি।

LENS ASIA